

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৮২

পর্ব-৬: যাকাত (১১ গ্রা ১১)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - দানের মর্যাদা ও কৃপণতার পরিণাম

আরবী

وَعَنْ أَبِي ذَرِّ أَنَّهُ اسْتَأْذَنَ عَلَى عُتْمَانَ فَأَذِنَ لَهُ وَبِيَدِهِ عَصَاهُ فَقَالَ عُتْمَانُ: يَا كَعْبُ إِنَّ عَبْدَ الرَّحْمَنِ تُوُفِّيَ وَتَرَكَ مَالًا فَمَا تَرَى فِيهِ؟ فَقَالَ: إِنْ كَانَ يَصِلُ فِيهِ حَقَّ اللَّهِ فَلَا بَأْسَ عَبْدَ الرَّحْمَنِ تُوفِي وَتَرَكَ مَالًا فَمَا تَرَى فِيهِ؟ فَقَالَ: إِنْ كَانَ يَصِلُ فِيهِ حَقَّ اللَّهِ فَلَا بَأْسَ عَلَيْهِ. فَرَفَعَ أَبُو ذَرِّ عَصَاهُ فَضَرَبَ كَعْبًا وَقَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَا أُحِبُ لَوْ أَنَّ لِي هَذَا الْجَبَلَ ذَهَبًا أُنْفِقُهُ وَيُتَقَبَّلُ مِنِي أَذَرُ خَلْفِي مِنْهُ سِتَ يَقُولُ: «مَا أُحِبُ لَوْ أَنَّ لِي هَذَا الْجَبَلَ ذَهَبًا أُنْفِقُهُ وَيُتَقَبَّلُ مِنِي أَذَرُ خَلْفِي مِنْهُ سِتَ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَوَالًا: نعم. رَوَاهُ أَحْمد

বাংলা

১৮৮২-[২৪] আবৃ যার গিফারী (রাঃ) হতে বর্ণিত। (একবার) তিনি 'উসমানের কাছে আসার অনুমতি চাইলেন। তিনি তাঁকে অনুমতি দিলেন। তাঁর হাতে ছিল একটি লাঠি। 'উসমান (রাঃ) (ওখানে উপস্থিত) কা'বকে বললেন, কা'ব! 'আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ) অনেক ধন-সম্পদ রেখে ইন্তিকাল করেছেন। এ ব্যাপারে তোমার কী অভিমত? কা'ব (রাঃ) বললেন, তিনি যদি এসবে আল্লাহর হক (যাকাত) আদায় করে থাকেন, তাহলে কোন অসুবিধা নেই। (এ কথা শুনেই) আবৃ যার (রাঃ) হাতের লাঠি কা'ব-এর দিকে উঠিয়ে মারলেন এবং বললেন, আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহু অালাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, (উহুদের) পাহাড় পরিমাণ সোনাও যদি আমার থাকে, আর আমি তা আল্লাহর পথে খরচ করি এবং তা কবূলও হয়, তারপরও আমি পছন্দ করব না আমার পরে ছয় উক্নিয়াহ্ (অর্থাৎ দু'শত চল্লিশ দিরহাম) আমার ঘরে সঞ্চিত থাকুক। এবার আবৃ যার (রাঃ) ('উসমান (রাঃ কে উদ্দেশ করে বললেন,) আল্লাহর কসম দিয়ে বলছি, হে 'উসমান! আপনি কী রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর এ কথা শুনেনি? এ কথা তিনি তিনবার বললেন। 'উসমান (রাঃ) বললেন, হ্যাঁ শুনেছি। (আহমাদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ৪৫৩। আলবানী (রহঃ) হাদীসটি সহীহ বলেছেন। কিন্তু মুসনাদে আহমাদের মুহাক্কিক শু'আয়ব আল আরনাউত্ব য'ঈফ বলেছেন।



ব্যাখ্যা

ব্যাখ্যা: আবূ যার (রাঃ) সাহাবীদের মধ্যে দরিদ্র এবং দুনিয়া বিমুখ ব্যক্তি ছিলেন। তাঁর মতাদর্শ ছিল যে, সম্পদ জমা করে নিজের কাছে রেখে না দিয়ে প্রয়োজনের অতিরিক্ত সবই আল্লাহর রাস্তায় খরচ করে দিতে হবে। এজন্যই তিনি কা'ব (রাঃ)-কে প্রহার করেন। অথচ যে সম্পদের যাকাত প্রদান করা হয় তা كنز (কান্য)-এর (জমা করে রাখার) অন্তর্ভুক্ত নয় এবং এর জন্য কোন ভীতিও প্রদর্শন করা হয়নি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন